

## 💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৩৯৭

১. পবিত্রতা (১ প্রান্ত্রা)

পরিচ্ছেদঃ ৪১. উভয়ের লজাস্থান একত্রে মিলিত হলে গোসল ওয়াজিব হবে, যদিও বীর্যপাত না হয়

بَابٌ فِي وُجُوبِ الْغُسُلِ بِالْتِقَاءِ الْخِتَانَيْنِ وَإِنْ لَمْ يُنْزِلْ

## আরবী

حَدَّتَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ عَبْدِ الْعَزِيزِ ، نَا عُبَيْدُ اللَّهِ بْنُ عُمَرَ ، نَا عِيسَى بْنُ يُونُسَ ، نَا الْأَعْمَشُ ، عَنْ سَالِمِ بْنِ أَبِي الْجَعْدِ ، عَنْ كُرَيْبٍ ، عَنِ ابْنِ عَبَّاسٍ ، حَدَّتَنِي مَيْمُونَةُ قَالَتْ : " أَدْنَيْتُ لِرَسُولِ اللَّهِ \_ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ \_ غُسْلًا مِنَ الْجَنَابَةِ ، فَغَسَلَ يَدَيْهِ قَالَتْ : " أَدْنَيْتُ لِرَسُولِ اللَّهِ \_ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ \_ غُسْلًا مِنَ الْجَنَابَةِ ، فَغَسَلَ يَدَيْهِ مَرَّتَيْنِ أَوْ ثَلَاتًا ثُمَّ أَدْخَلَ يَدَهُ فِي الْمَاءِ فَأَفْرَغَ عَلَى فَرْجِهِ ، وَغَسَلَ بِشِمَالِهِ ثُمَّ دَلَكَ بِشِمَالِهِ أَلْا رُضَى دَلْكًا شَدِيدًا ، ثُمَّ تَوَضَّاً وُضُوءَهُ لِلصَّلَاةِ ، ثُمَّ غَسَلَ سَائِرَ جَسَدِهِ بِمِلْءِ كَفَيْهِ ، ثُمَّ الْمُنْدِيلِ فَرَدَّهُ عَلَى مَنْ مَقَامِهِ فَغَسَلَ قَدَمَيْهِ ، وَأَتَيْتُهُ بِالْمِنْدِيلِ فَرَدَّهُ

## বাংলা

৩৯৭(১৩). আবদুল্লাহ ইবনে মুহাম্মাদ ইবনে আবদুল আযীয (রহঃ) ... মায়মূনা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এর নাপাকির গোসলের জন্য পানি এনে দিলাম। তিনি তাঁর দুই হাত দুইবার অথবা তিনবার ধৌত করলেন। তারপর পানির পাত্রে হাত ডুবিয়ে পানি নিয়ে তা তার লজ্জাস্থানে দিলেন এবং বাম হাত দিয়ে তা ধৌত করলেন। তারপর উক্ত হাত উত্তমরূপে মাটিতে ঘর্ষণ করেন। তারপর নামাযের উযুর ন্যায় উযু করেন। তারপর উভয় হাতে পানি নিয়ে সমস্ত শরীর ধৌত করেন। তারপর নিজ জায়গা থেকে সরে গিয়ে উভয় পা ধৌত করেন। আমি তাঁকে তোয়ালে এনে দিলে তিনি তা ফেরত দেন।

## ফুটনোট

\* এই হাদীসের সনদ সহীহ এবং ছয়জন ইমামই এই হাদীসের প্রায় সমার্থক হাদীস বর্ণনা করেছেন (অনুবাদক)।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ মাইমূনাহ (রাঃ)



 ${\color{red} {\it 9}} \; {\it Link-https://www.hadithbd.com/hadith/link/?id=80186}$ 

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন